



# Karnaphuli Public School & College

## কর্ণফুলী পাবলিক স্কুল এন্ড কলেজ

পো: চকবাজার, চট্টগ্রাম-৪২০৩, থানা: বাকলিয়া, জেলা: চট্টগ্রাম, বিভাগ: চট্টগ্রাম। বাংলাদেশ।

PO : Chawkbazar, Ctg-4203, PS: Bakalia, Dist: Chattogram, Div: Chattogram, Bangladesh.




স্মারক নম্বর :  
Memo No.

তারিখ : ১৫-০৮-২০২৩  
Date : 15-08-2023

### কর্ণফুলী পাবলিক স্কুল এন্ড কলেজে শোকাবহ ১৫ আগস্ট-২০২৩ উদযাপন

কর্ণফুলী পাবলিক স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা ও দোয়া মাহফিল স্কুল মিলনায়তনে সুচারুরূপে সম্পন্ন হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সমরজিৎ দাশ। জনাব আজিম উদ্দিন আহমেদের সঞ্চালনায় পবিত্র কোরআন তেলাওয়াত এর মধ্য দিয়ে আলোচনা সভা আরম্ভ হয়। স্বাগত বক্তব্য প্রদান ও সভার উদ্বোধন করেন জনাব তৌফিকুল ইসলাম। শোক দিবসের আলোচনায় অংশগ্রহণকারী অন্যান্য আলোচকবৃন্দ হলো জনাব প্রদীপ কুমার নাথ, আবদুল হান্নান, মু. নছরুল্লাহ, শারমিন আকতার, হৃদয় চক্রবর্তী প্রমুখ। আলোচকবৃন্দ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও বাংলাদেশের স্বাধীনতার প্রাণপুরুষ, বাংলার অবিসংবাদিত নেতা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকে জাতির অপূরণীয় ক্ষতি বলে উল্লেখ করেন। উক্ত হত্যাকাণ্ডকে ইতিহাসের এক কলঙ্কজনক অধ্যায় হিসেবে হত্যাকারীদেরকে ধিক্কার জানানো হয়। সভাপতির বক্তব্যে অধ্যক্ষ মহোদয় শোক দিবসের প্রেক্ষাপট, হত্যাকাণ্ডের বর্ণনা ও ১৫ আগস্ট পরবর্তী বাংলার পরিস্থিতি এবং আমাদের করণীয় নিয়ে বিশদ আলোচনা করেন। শেষান্তে শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে জনাব ছৈয়দ নুরের নেতৃত্বে মোনাজাত পরিচালনা করা হয়।

সবশেষে বঙ্গবন্ধু পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



15.08.2023

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কর্ণফুলী পাবলিক স্কুল এন্ড কলেজ